দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 APR 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ... ৪ ...

02

## বুয়েটে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

বুয়েট সংবাদদাতা ॥ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের এ বছরের ভর্তি পরীক্ষার ফল নির্ধারিত তারিখের ৫ দিন আগেই গতকাল প্রকাশিত হয়েছে। বিভিন্ন অনুষদের ৫শ' ৬৫টি সিটের জন্য মোট ৭ হাজার প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থী ও ওয়েটিং লিস্টের তালিকা ক্যাম্পাসের বিভিন্ন জায়গায় দেয়ালে টানিয়ে দেয়া হয়েছে।

নির্বাচিত প্রার্থীদের সাক্ষাতকার গ্রহণ এবং মেডিক্যাল চেকআপের তারিখও ঘোষণা করা হয়েছে। এই সাক্ষাতকার আগামী ৭ মে হতে ২২ মে-এর মধ্যে গৃহীত হবে। তবে লিখিত পরীক্ষার ফলই ভর্তি হওয়ার ক্ষেত্রে একমাত্র যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। সাক্ষাতকার গ্রহণের সময় শুধুমাত্র মূল সনদসমূহ পরীক্ষা করা হবে এবং বিভাগের অপশন নেয়া হবে। ভর্তি পরীক্ষায় নির্বাচিতদের মধ্যে যারা মেডিক্যাল চেকআপে উত্তীর্ণ হবে, তাদের সবাইকে নিজ নিজ মেধা তালিকা ও অপশন অনুযায়ী বিভাগ প্রদান করা হবে। ভর্তি ক্ষেত্রে 'ভাইভার' জন্য কোন নম্বর নেই। আগামী ২ মে হতে ৩১ মে-এর মধ্যে নির্বাচিত প্রার্থীদের ভর্তি হতে বলা হয়েছে। অন্যথায় অপেক্ষমাণ তালিকা হতে ছাত্র-ছাত্রী ভর্তি করেন নেয়া হবে।